সংবাদ

তাং 19 JAN 2009
পৃষ্ঠা ৫ কলাম ১

# বিপাকে রংপুর বিশ্ববিদ্যালয় : নিয়োগে নিষেধাজ্ঞা শিথিল করুন

দেশে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে নিয়োগ প্রক্রিয়া বন্ধ রাখতে শিক্ষা মন্ত্রণালয় এক নির্দেশ জারি করেছে। একেবারেই নতুন বিশ্ববিদ্যালয় হওয়ার ফলে রংপুর বিশ্ববিদ্যালয় বিপাকে পড়েছে। রংপুর বিশ্ববিদ্যালয় সর্বকনিষ্ঠ পাবলিক বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়টি এখন পর্যন্ত কার্যক্রম শুরুই করতে পারেনি। এ পর্যায়ে শিক্ষক নিয়োগ বন্ধ রাখলে বিশ্ববিদ্যালয়টি নানা ধরনের সঙ্কটে পড়বে। তাই রংপুর বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন পরিষদ শিক্ষা মন্ত্রণালয়ের ১৪ জানুয়ারির নিষেধাজ্ঞা রংপুর বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে প্রত্যাহারের দাবি জানিয়েছে।

রংপুর বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন পরিষদের আহ্বায়ক ড. রেজাউল হক এক লিখিত বিবৃতিতে বলেন, শিক্ষা মন্ত্রণালয় থেকে যে নির্দেশনা জারি করা হয়েছে তা পুরনো বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বড় কোন সমস্যা সৃষ্টি না করলেও সদ্য প্রতিষ্ঠিত রংপুর বিশ্ববিদ্যালয়সহ অন্য নতুন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে। পুরনো অনেক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগে এত বেশি অনাচার করা হয়েছে যে, তার প্রতিকার করা বেশি কঠিন কাজ। নিয়োগ এবং নিয়োগ প্রক্রিয়া পর্যালোচনা করার পর বিশ্ববিদ্যালয়গুলো থেকে আবর্জনা পরিষ্কার করা দরকার। কিন্তু রংপুর বিশ্ববিদ্যালয়ের মতো নতুন কিংবা সদ্য প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়গুলোকে এই নির্দেশের বাইরে রাখাটাই সমীচীন হবে।

রংপুরে বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল আগেরবারের আওয়ামী লীগ সরকারের আমলে। বিএনপি-জামায়াত সরকারের আমলে রংপুরে বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রক্রিয়াটা থেমেই যায়। তত্ত্বাবধায়ক সরকারের আমলে এসে রংপুর বিশ্ববিদ্যালয় বাস্তব রূপ নেয়। গত ৩০ নভেম্বর রংপুর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৩টি ইউনিটের ৬টি বিভাগের ৩শ' আসনের বিপরীতে ১৯ হাজার ছাত্র অংশ নেয়। ভর্তি কার্যক্রমও শেষ হয়েছে। তবে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ শেষ হয়নি। বিশ্ববিদ্যালয় পর্যায়ে এসব নিয়োগ খুব সাবধানের সঙ্গে না করা হলে পুরনো কয়েকটি বিশ্ববিদ্যালয়ের মতো দুরবস্থায় পড়তে হতে পারে বলে ধীরে ধীরেই কাজটা করা হচ্ছিল। তাছাড়া বিভিন্ন নতুন বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতা থেকে দেখা গেছে যে, উপযুক্ত শিক্ষক পাওয়া সহজ নয়। কিন্তু প্রক্রিয়াটি বন্ধ থাকলে যারা নিয়োগ পেতে ইচ্ছুক তারা আগ্রহ হারিয়ে ফেলবেন।

রংপুর বিশ্ববিদ্যালয়ের এক সিন্ডিকেট সদস্য জানান, সরকারের এ সিদ্ধান্তে রংপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ কার্যক্রম শুরু করা সম্ভব হবে না। তাই বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন পরিষদ রংপুর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চালু রাখার স্বার্থে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ সংক্রান্ত নিষেধাজ্ঞা শিথিল করার বিশেষ আদেশ দেয়ার জন্য শিক্ষামন্ত্রীর প্রতি দাবি জানিয়েছে। ঢালাওভাবে নিয়োগে নিষেধাজ্ঞার পরিবর্তে নতুন বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি বিবেচনা করে নিষেধাজ্ঞা প্রয়োগের সিদ্ধান্ত নেয়া উচিত। রংপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ কার্যক্রম শুরু করার স্বার্থে অবিলম্বে নিষেধাজ্ঞা শিথিল করা উচিত।